মুজিব বর্ষ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ সেলিম রেজা প্রধান নির্বাহী কর্মকর্তা
তারিখ	:	২৪ ফাল্গুন ১৪২৭ ০৯ মার্চ ২০২১
সময়	:	সকাল ১১.৩০ টা
স্থান	:	সভা কক্ষ, নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারবর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। আসন্ন ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	তারিখ ও সময়	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	২৫/০৩/২০২১ (দুপুর ১২.০০ থেকে)	ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রমাণচিত্র প্রদর্শনী।	১. প্রধান রাজস্ব কর্মকর্তা ২. জনসংযোগ কর্মকর্তা
২.	২৫/০৩/২০২১ (রাত ৯.০০-৯.০১ মিনিট পর্যন্ত)	গণহত্যা দিবস উপলক্ষ্যে সারাদেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা/চলমান যানবাহন ব্যতীত) রাত ০৯:০০ থেকে ০৯:০১ মিনিট পর্যন্ত।	১. প্রধান প্রকৌশলী ২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)
৩.	২৫/০৩/২০২১ (বাদ জোহর/সুবিধাজনক সময়ে)	২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা করতে হবে।	১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ২. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
৪.	২৬/০৩/২০২১ (সূর্যোদয়ের সাথে সাথে)	ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন। খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদকারের জাতীয় পতাকা উত্তোলন। গ) ডিএনসিসি'র প্রধান কার্যালয়ের ছাদে ভবনের সাথে সঙ্গতিপূর্ণ সাইজের একটি জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। পতাকা উত্তোলনের জন্য ভবনের সাথে সঙ্গতিপূর্ণ মাপের একটি পতাকা প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা তৈরি করবে।	১. সচিব ২. প্রধান প্রকৌশলী ৩. প্রধান রাজস্ব কর্মকর্তা ৪. প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা ৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৫.	২৬/০৩/২০২১	১. জাতীয় স্মৃতিসৌধে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। ২. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পনের জন্য নির্ধারিত সময় জেনে নিতে হবে। ৩. সমাজকল্যাণ বিভাগ এ উদ্দেশ্যে একটি পুষ্পস্তবক তৈরি করে মেয়র মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা/কর্মচারিদের	১. মেয়র মহোদয়ের একান্ত সচিব ২. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি

		নিকট নির্ধারিত সময়ের পূর্বে হস্তান্তর করবে। ৪. জাতীয় স্মৃতিসৌধে প্রবেশের জন্য সমাজ কল্যাণ বিভাগ মাননীয় মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা এবং পুষ্পস্তবক বহনকারীদের এসবি পাশ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	
৬.	২৬/০৩/২০২১	জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদে মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার আয়োজন করা হবে। সম্মানিত কাউন্সিলরগণকে এ বিষয়ে সম্পৃক্ত করতে হবে।	১. সম্মানিত কাউন্সিলর (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ৩. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
৭.	২৬/০৩/২০২১	গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। (**কোনক্রমেই ২৫/০৩/২০২১ তারিখ আলোকসজ্জা করা যাবে না।** ২৬/০৩/২০২১ তারিখ সন্ধ্যা হতে আলোকসজ্জা করা)।	১. প্রধান প্রকৌশলী ২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)
৮.	২৬/০৩/২০২১	প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ।	১. আহ্বায়ক, সৌন্দর্যবর্ধন সেল
৯.	২৬/০৩/২০২১	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন শিশু পার্কসমূহ শিশুদের জন্য ২৬ মার্চ ২০২১ সকাল-সন্ধ্যা উন্মুক্ত রেখে বিনা টিকেটে প্রদর্শনের ব্যবস্থা করা হবে।	১. প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি ২. প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি
১০.		২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপনে আইন-শৃঙ্খলা ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা'কে প্রতিনিধি মনোনয়ন করা হয়েছে।	১. সচিব, ডিএনসিসি

সভাপতি ২৫ মার্চ গণহত্যা দিবস ও মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৩/২১

মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন: ৪৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd

নং : ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২- ১২৮

তারিখ : ১৪/০৩/২০২১

অনুলিপি : (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড (সকল) এবং সংরক্ষিত আসন (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. উপ প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. নির্বাহী প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। এ কার্যবিবরণী ডিএনসিসি'র ওয়েবসাইটে আপলোড করাসহ ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তাদের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. সহকারী সচিব (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১৫. অফিস কপি।

২৫/৩/২১

রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
secretary@dncc.gov.bd